

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ-সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০২.১৫.৩৬

তারিখ : ০৪ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি, ২০১৬ খ্রিঃ।

বিষয় : বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিস ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে স্থানান্তর প্রসংগে।


সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-ইপ/বিবিধ-১৪/২০০১/৮২১, তারিখঃ ২৫.০৬.২০০৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, তৃণমূল পর্যায়ে জনসাধারণকে One Stop Service প্রদানের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে নিম্নবর্ণিত মন্ত্রণালয়/বিভাগের ইউনিয়ন পর্যায়ের অফিস স্থানান্তরের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল (কপি সংযুক্ত):

(১) কৃষি সম্প্রসারণ (২) পশু সম্পদ (৩) আনসার ভিডিপি (৪) ডিপিএইচই (৫) বিআরডিবি (৬) শিক্ষা (৭) এলজিইডি।

এ ছাড়া স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৬৩ ধারা অনুযায়ী "নির্ধারিত শর্ত সাপেক্ষে পরিষদের সাধারণ বা বিশেষ কার্য সম্পাদনের লক্ষ্যে সরকার তৃতীয় তফসিলে বর্ণিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়ের কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, স্থানীয় সরকার বিভাগের অধিনস্থ এলজিইডি ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আনসার ও ভিডিপি অধিদপ্তরের সরকারি কর্মকর্তা বা কর্মচারী এবং তাহাদের কার্যাবলী নির্ধারিত সময়ের জন্য পরিষদে হস্তান্তর করিতে পারিবে, উক্তরূপে হস্তান্তরিত কর্মকর্তা বা কর্মচারীগণ সংশ্লিষ্ট পরিষদের ব্যবস্থাপনায় দায়িত্ব পালন করিবেন।" কিন্তু দেশের অনেক ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে কক্ষ বরাদ্দ রাখা হলেও অফিসসমূহ স্থানান্তর করা হয়নি।

০২. এমতাবস্থায়, তাঁর অধিনস্থ মন্ত্রণালয়/বিভাগের ইউনিয়ন পর্যায়ের অফিস ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে স্থানান্তরের বিষয়টি নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(শ্রীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

বিতরণ (কার্যার্থে):

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/সমাজ কল্যাণ মন্ত্রণালয়/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/কৃষি মন্ত্রণালয়।
- ৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক (সকল)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।